

কালারস অব বাংলাদেশ: ব্র্যান্ডিং বাংলাদেশ'র উদ্যোগে অস্ট্রেলিয়ার সিডনিতে বাংগালীর মেলা

গত শনিবার (২০ জানুয়ারি) ব্যাংকস্টাউন প্লকেটিং পার্কে ব্যাপক উৎসাহ-উদ্বৃত্তির মধ্যে দিনব্যাপী বাংলা গান, কবিতা, নাচ, ফ্যাশন শো পরিবেশিত হয়। বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক সংগঠনের নেতাদের উপস্থিতিতে মেলা প্রাঙ্গণ হয়ে উঠেছিলো প্রবাসে এক টুকরো বাংলাদেশ। সবার দিকে তাকিয়ে কেবলই মনে হয়েছে, মাঠভর্তি বাঙালি, বুকভর্তি দেশপ্রেম ও ভালোবাসা।

প্রবাসী বাঙালি অস্ট্রেলিয়ার মূলধারার রাজনীতিবিদদের অংশগ্রহণে এ মিলনমেলা এক কথায় হয়ে উঠে সার্বজনীন। অস্ট্রেলিয়ার প্রধান বিরোধীদলীয় নেতা বিল শর্টেন মেলা উপলক্ষে একটি বিশেষ বাণী দিয়েছেন।

মেলায় আগতদের উদ্দেশ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন, মি. জেহাদ দীপ এমপি, ক্যান্টারবেরি-ব্যাংকটাউন সিটি কাউন্সিলর ডেপুটি মেয়র নাদিয়া সালেহ, অস্ট্রেলিয়া আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ড. আবুল হাসনান্ত মিল্টন, কাউন্সিলর নাজমুল হুদা, কাউন্সিলর মোহাম্মাদ শাহে জামান টিটু, কাউন্সিলর বিলাল হায়েক এবং অস্ট্রেলিয়া বাংলাদেশ স্পোর্টস অ্যান্ড কালচারাল অ্যাসোসিয়েশনের সভাপতি জাহাঙ্গীর আলম।

কালারস অব বাংলাদেশ: ব্র্যান্ডিং বাংলাদেশ'র আহ্বায়ক আল নোমান শামীমের নেতৃত্বে ২৪ সদস্য বিশিষ্ট একদল তরুণ স্বেচ্ছাসেবক মেলাটি সফলভাবে আয়োজন করেছে।

ড. শাখাওয়াৎ নয়ন ও ডা. রাজবিন শওকতের উপস্থাপনায় মেলায় পরিবেশিত সাংস্কৃতিক অনুষ্ঠানে বড়দের সঙ্গে দর্শকদের মন মাতিয়েছে শিশু-কিশোররাও। বিশেষ করে বাংলা মিউজিক অ্যান্ড ড্যান্স একাডেমির শিশুদের ষড়খাতুর বাংলাদেশ, কিশলয় কচিকাঁচা, ক্যাম্পবেলটাউন বাংলা স্কুল, বাংলা প্রসার কমিটির পরিবেশনা ছিল দারুণ উপভোগ্য।

একক পরিবেশনায় নাবিলা ও নুশাবা রহমান ছিল অনন্য। কবিতা আলেখ্য পর্বে আবৃত্তি করেছেন ডা. লাভলী রহমান, ডা. ঘোবাইদা রত্না, ডা. রাজবিন শওকত, ড. আবুল হাসনান্ত মিল্টন, আরিফ পাশা এবং ফাহাদ আসমা। বড়দের মধ্যে জুয়েল তালুকদার ও আয়েশা নিলুফারের গান যেমন শ্রেতারা মন ভরে শুনেছে, তেমনি ঢাকা থেকে আগত সেরা কঠশিল্পী বিলিক এবং আরিফের গানে অগুনতি দর্শক তাদের সঙ্গে কঠ ছেড়ে গেয়েছে-নেচেছে। বাংলাদেশের জাতীয় সঙ্গীত গেয়ে অনুষ্ঠানের সমাপ্তি টানা হয়।







